# পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি সংক্রান্ত

# পরিপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ শাখা-১

নং- স্থাসবি/পাস-১/নল-১১/১৯৯৯/ ৩২০ (৫১০০) তারিখ: ০৮-০৫-২০০৭

# পরিপত্র

## বিষয়: পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি সংক্রান্ত

নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা উন্নয়নের জন্য সরকার ওয়াসা ও সিটি কর্পোরেশনভুক্ত এলাকাসমূহ ব্যতীত, সমগ্র দেশের জেলা, পৌরসভা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে এবং পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের নেতৃত্বে একটি করিয়া পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

## ২। পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটিসমূহের গঠন ও কার্যাবলী

### ২.১.১ জেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি (পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ব্যতীত)

| | |
|---|---|
| ১. জেলা প্রশাসক | সভাপতি |
| ২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | সদস্য |
| ৩. সিভিল সার্জন | সদস্য |
| ৪. জেলা সদরে অবস্থিত পৌরসভার চেয়ারম্যান | সদস্য |
| ৫. জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার | সদস্য |
| ৭. জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| ৮. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৯. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ১০. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা | সদস্য |
| ১১. উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৩. উপ-পরিচালক/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১৪. জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৫. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৬. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৭. একজন এনজিও প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৮. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য-সচিব |

* কমিটি অনধিক ২ (দুই) জন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

### ২.১.২ জেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কার্যাবলী

এই কমিটি প্রতি ৩ (তিন) মাসে অন্ততঃ ১ (এক) বার সভায় মিলিত হইবে এবং প্রধানতঃ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেঃ

ক) সংশ্লিষ্ট জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম পর্যালোচনা, সমস্যা চিহ্নিতকরণ এবং উহা নিরসনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

খ) উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটির কর্মকান্ড পর্যালোচনা, প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তাদান;

গ) পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট আন্তঃবিভাগীয় কর্মকান্ডের সমন্বয় সাধন;

ঘ) পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত প্রকল্প প্রণয়নে পরামর্শ প্রদান; এবং

ঙ) কোন উন্নয়ন প্রকল্পের জন্য নির্ধারিত কর্ম সম্পাদন।

### ২.২.১ পৌরসভা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি

| | |
|---|---|
| ১. পৌরসভা চেয়ারম্যান | সভাপতি |
| ২. সকল ওয়ার্ড কমিশনার (সাধারণ আসন ও সংরক্ষিত আসন) | সদস্য |
| ৩. পৌরসভা স্বাস্থ্য কমর্মকর্তা | সদস্য |
| ৪. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| ৫. সাংবাদিক প্রতিনিধি ২ (দুই) জন (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬. পৌর বাজার কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক (যদি থাকে) | সদস্য |
| ৭. পৌরসভার অন্তর্গত মহাবিদ্যালয় উচ্চ বিদ্যালয়ের প্রধানগণ | সদস্য |
| ৮. এনজিও প্রতিনিধি ৫ (পাঁচ) জন (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. পৌরসভার স্যানিটারি ইন্সপেক্টর | সদস্য |
| ১০. পৌরসভার পানি তত্ত্বাবধায়ক (ওয়াটার সুপার) | সদস্য |
| ১১. পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব | সদস্য-সচিব |

* কমিটি অনধিক ২ (দুই) জন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

### ২.২.২ পৌরসভা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কার্যাবলী

এই কমিটি প্রতি ২ (দুই) মাসে অন্ততঃ ১ (এক) বার সভায় মিলিত হইবে এবং প্রধানতঃ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেঃ

ক) পৌরসভার অধীন সকল ওয়ার্ডে নিরাপদ পানির ব্যবহার ও স্যানিটেশন কর্মকান্ড পর্যালোচনা এবং উক্ত কর্মকান্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ওয়ার্ড কমিশনারগণকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান;

খ) শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক স্যানিটেশন ও স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম, গণ-সংযোগ ইত্যাদির মাধ্যমে স্বাস্থ্যবিধি পালনে জনসচেতনতা সৃষ্টি;

গ) পৌরসভার পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত ও পরিসংখ্যান সংগ্রহে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

ঘ) পৌরসভায় বিরাজমান পানি সরবরাহ ও স্যানিটেশনসংশ্লিষ্ট সমস্যাবলী চিহ্নিতকরণ এবং উহাদের সমাধানের জন্য সুপারিশ প্রণয়নপূর্বক জেলা কমিটিকে অবহিতকরণ;

ঙ) পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা কর্মকান্ডে গতিশীলতা আনয়নে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান;

চ) পৌর এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা প্রদান; এবং

ছ) কোন উন্নয়ন প্রকল্পের জন্য নির্ধারিত কর্ম সম্পাদন।

### ২.৩.১ উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি

| | |
|---|---|
| ১. উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৩. উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৫. উপজেলা শিক্ষা কর্মকর্তা (প্রাথমিক) | সদস্য |

৬. উপজেলা প্রকৌশলী, এলজিইডি — সদস্য
৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা — সদস্য
৮. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা — সদস্য
৯. উপজেলা সমাজসেবা কর্মকর্তা — সদস্য
১০. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা — সদস্য
১১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা — সদস্য
১২. একজন এনজিও প্রতিনিধি (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) — সদস্য
১৩. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর — সদস্য-সচিব

* কমিটি অনধিক ২ (দুই) জন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

## ২.৩.২ উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কার্যাবলী

এই কমিটি প্রতি ২ (দুই) মাসে অন্ততঃ ১ (এক) বার সভায় মিলিত হইবে এবং প্রধানতঃ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেঃ

ক. নিরাপদ পানির ব্যবহার ও স্যানিটেশন বিষয়ে ইউনিয়ন পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটির কর্মকান্ড পর্যালোচনা এবং উক্ত কমিটিতে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান;

খ. শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক স্যানিটেশন ও স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম, গণ-সংযোগ ইত্যাদির মাধ্যমে স্বাস্থ্যবিধি পালনে জনসচেতনতা সৃষ্টি;

গ. উপজেলার পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত ও পরিসংখ্যান সংগ্রহে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

ঘ. উপজেলায় বিরাজমান পানি সরবরাহ ও স্যানিটেশনসংশ্লিষ্ট সমস্যাবলী চিহ্নিতকরণ এবং উহাদের সমাধানের জন্য সুপারিশ প্রণয়নপূর্বক জেলা কমিটিকে অবহিতকরণ;

ঙ. পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন; এবং

চ. কোন উন্নয়ন প্রকল্পের জন্য নির্ধারিত কর্ম সম্পাদন।

## ২.৪.১ ইউনিয়ন পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি

১. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান — সভাপতি
২. ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ — সদস্য
৩. ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত নলকূপ মেকানিক, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর — সদস্য
৪. সহকারী স্বাস্থ্য পরিদর্শক/পরিবার পরিকল্পনা পরিদর্শক (উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক মনোনীত) — সদস্য
৫. স্থানীয় মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত) — সদস্য
৬. স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা (উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত) — সদস্য
৭. স্থানীয় একজন ধর্মীয় নেতা (ইউএনও কর্তৃক মনোনীত) — সদস্য
৮. ইউএনও কর্তৃক মনোনীত একজন এনজিও প্রতিনিধি (যদি থাকে) — সদস্য
৯. ইউনিয়ন পরিষদ সচিব — সদস্য-সচিব

* কমিটি অনধিক ২ (দুই) জন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

## ২.৪.৫ ইউনিয়ন পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কার্যাবলী

এই কমিটি প্রতি মাসে অন্ততঃ ১ (এক) বার সভায় মিলিত হইবে এবং প্রধানতঃ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেঃ

ক. ইউনিয়ন পর্যায়ে পানি সরবরাহ, স্যানিটেশন ও ব্যক্তিগত স্বাস্থ্যাভ্যাস উন্নয়নের জন্য সচেতনতা বৃদ্ধিতে সক্রিয় অংশগ্রহণ এবং প্রয়োজন অনুযায়ী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে সহায়তা প্রদান;

খ. ইউনিয়ন পরিষদ, ওয়ার্ড সামাজিক কমিটি (এসডিসি), এনজিও এবং অন্যান্য স্থানীয় সহযোগী প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ডের সমন্বয় সাধন ও মূল্যায়ন;

গ. পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি সকল প্রকার সহায়তা প্রকৃত উপকারভোগীর কাছে পৌঁছানোর পদক্ষেপ গ্রহণ;

ঘ. ইউনিয়ন পর্যায়ে পানির উৎসের তত্ত্বাবধায়ক প্রশিক্ষণসহ (Caretaker Training) অন্যান্য প্রশিক্ষণ কর্মসূচিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

ঙ. স্থানীয় সরকার বিভাগের আওতাধীন কোন প্রকল্পের জন্য প্রকল্পে নির্দেশিত পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক দায়িত্ব পালন/কর্ম সম্পাদন; এবং

চ. পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

## ২.৫.১ ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কাঠামো

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য | উপদেষ্টা |
| ২. | সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য/গ্রাম সরকার প্রধান | সভাপতি |
| ৩. | একজন স্বাস্থ্য সহকারী/পরিবার পরিকল্পনা সহকারী | সদস্য |
| ৪. | একজন ইমাম/ধর্মীয় নেতা | সদস্য |
| ৫. | একজন শিক্ষক প্রতিনিধি (সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬. | একজন দরিদ্র/ভূমিহীন কৃষক (ওয়ার্ড সদস্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | একজন দরিদ্র মহিলা প্রতিনিধি/ধাত্রী (টিবিএ) (ওয়ার্ড সদস্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. | একজন এনজিও/সিবিও প্রতিনিধি (সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | বিভিন্ন জনগোষ্ঠী হতে কো-অপট্ (অনধিক ৬ জন) | সদস্য |
| ১০. | পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক দায়িত্বপ্রাপ্ত গ্রাম সরকারের সংশ্লিষ্ট সদস্য | সদস্য-সচিব |

৯নং ক্রমিকে উল্লিখিত কো-অপটেড সদস্য ব্যতীতই কমিটির প্রথম সভা আহুত হইবে এবং উক্ত প্রথম সভায় গ্রাম্য ডাক্তার, ছাত্র, হেডম্যান/কারবারী (পাবর্ত্য চট্টগ্রামের জেলাসমূহের জন্য) শারীরিক প্রতিবন্ধী, হোটেল মালিক/শ্রমিক, প্রশিক্ষিত মিস্ত্রী, নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ে কর্মরত/উৎসাহী (পুরুষ/মহিলা) ব্যক্তিবর্গের মধ্য হইতে প্রয়োজনানুযায়ী ৯নং ক্রমিকে বর্ণিত অনধিক ৬ জন সদস্য কমিটিতে কো-অপট করিতে হইবে।

## ২.৫.২ ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি কার্যাবলী

এই কমিটি প্রতি মাসে অন্ততঃ ১ (এক) বার সভায় মিলিত হইবে এবং প্রধানতঃ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেঃ

ক. পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট জরিপ কাজে সহায়তা প্রদান;

খ. পানি সরবরাহ ও স্যানিটেশন অবস্থার উন্নতিকল্পে সচেতনতা বৃদ্ধির কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ;

গ. নিরাপদ পানি সরবরাহ, স্বাস্থ্যসম্মত উপায়ে পয়ঃনিষ্কাশন, স্বাস্থ্য বিধি পালনের মাধ্যমে স্বাস্থ্য অভ্যাস ...য়নে স্থানীয় জনসাধারণকে উদ্বুদ্ধকরণ;

ঘ. ওয়ার্ডের আওতাভুক্ত শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান, হাট-বাজার ও অন্যান্য প্রতিষ্ঠানে স্যানিটেশন এবং স্বাস্থ্য শিক্ষামূলক কর্মকান্ডের মাধ্যমে সকলের স্বাস্থ্য অভ্যাসের ইতিবাচক পরিবর্তনের বিষয়ে উদ্বুদ্ধকরণ কাজ সম্পাদন;

ঙ. পানির উৎসের তত্ত্বাবধায়ক প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণে সহায়তা প্রদান;

চ. কমিউনিটি পর্যায়ে স্বাস্থ্যসম্মত পরিবেশ এবং ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার উন্নয়নে সহায়তা প্রদান ও পরিবীক্ষণ;

ছ. স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সুনির্দিষ্ট প্রকল্পের জন্য প্রকল্প পরিচালকের দিক নির্দেশনা অনুযায়ী পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক সকল প্রকার দায়িত্ব সম্পাদন; এবং

জ. পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের জন্য সুপারিশ প্রণয়ন এবং সংশ্লিষ্ট প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের সহায়তা প্রদান।

## ৩। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির গঠন ও কার্যবলী

রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান পার্বত্য জেলাসমূহের ক্ষেত্রে একটি আঞ্চলিক এবং প্রতিটি পার্বত্য জেলার জন্য পৃথক পৃথক পার্বত্য জেলা পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটি থাকিবে।

### ৩.১.১ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি

| | |
|---|---|
| ১. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ | সভাপতি |
| ২. ৩টি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান | সদস্য |
| ৩. মুখ্য নির্বাহী কর্মকর্তা, আঞ্চলিক পরিষদ | সদস্য |
| ৪. ৩টি পার্বত্য জেলার জেলা প্রশাসক | সদস্য |
| ৫. ৩টি পার্বত্য জেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা | সদস্য |
| ৬. প্রতিটি জেলা থেকে ১ জন উপজাতীয় ও ১ জন অউপজাতীয় ব্যক্তি (স্ব স্ব জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. একজন এনজিও প্রতিনিধি (আঞ্চলিক পরিষদ চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিপিএইচই, পার্বত্য চট্টগ্রাম সার্কেল, চট্টগ্রাম | সদস্য-সচিব |

* কমিটি অনধিক ২ (দুই) জন সদস্য কো-অপ্ট করিতে পারবে।

### ৩.১.২ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলিক পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কার্যাবলী

এই কমিটি প্রতি ৬ (ছয়) মাসে অন্ততঃ ১ (এক) বার সভায় মিলিত হইবে এবং প্রধানতঃ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেঃ

ক. আঞ্চলিক পরিষদের আওতাধীন সংশ্লিষ্ট জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম পর্যালোচনা, নীতি নির্ধারণ, সমস্যা চিহ্নিতকরণ ও উহা নিরসনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

খ. পার্বত্য জেলা পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটির কর্মকান্ড পর্যালোচনা, প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তাদান;

গ. পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট আন্তঃবিভাগীয় কর্মাকান্ডের সমন্বয় সাধন; এবং

ঘ. পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে পরামর্শ প্রদান।

### ৩.২.৩ পার্বত্য চট্টগ্রাম জেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি (প্রতিটি পার্বত্য জেলার জন্য)

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ | সভাপতি |
| ২. | জেলা প্রশাসক | সদস্য |
| ৩. | মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ | সদস্য |
| ৪. | সদস্য, পার্বত্য জেলা পরিষদ | সদস্য |
| ৫. | সিভিল সার্জন | সদস্য |
| ৬. | সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান | সদস্য |
| ৭. | পার্বত্য জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৮. | উপ-পরিচালক, স্থানীয় সরকার | সদস্য |
| ৯. | জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| ১০. | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ১১. | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ১২. | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা | সদস্য |
| ১৩. | উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৪. | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৫. | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৬. | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৭. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৮. | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রধান কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ১৯. | একজন এনজিও প্রতিনিধি (জেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২০ | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য-সচিব |

* কমিটি অনধিক ২ (দুই) জন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

### ৩.২.২ জেলা/পার্বত্য জেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কার্যাবলী

এই কমিটি প্রতি ৩ (তিন) মাসে অন্ততঃ ১ (এক) বার সভায় মিলিত হইবে এবং প্রধানতঃ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেঃ

ক. সংশ্লিষ্ট জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম পর্যালোচনা, সমস্যা চিহ্নিতকরণ ও উহা নিরসনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

খ. সংশ্লিষ্ট উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটির কর্মকান্ড পর্যালোচনা, প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তাদান;

গ. পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট আন্তঃবিভাগীয় কর্মাকান্ডের সমন্বয় সাধন;

ঘ. স্থানীয় সরকার বিভাগের আওতাধীন কোন প্রকল্পের জন্য সংশ্লিষ্ট প্রকল্পে নির্ধারিত কর্ম সম্পাদন; এবং

ঙ. পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন।

## ৪। প্রতিবেদন

১. ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির সদস্য-সচিব প্রতি মাসে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ছকে মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন কাজের অগ্রগতির প্রতিবেদন এবং কমিটির সভাসমূহের কার্যবিবরণী ইউনিয়ন পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটি, উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটি এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-এর উপজেলা অফিসে প্রেরণ করিবেন।

২. ইউনিয়ন পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির সদস্য-সচিব প্রতি মাসে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ছকে মাঠ পর্যায়ে কাজের অগ্রগতির প্রতিবেদন এবং পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটির প্রতিটি সভার কার্যবিবরণী উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটি এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-এর উপজেলা অফিসে প্রেরণ করিবেন।

৩. উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির সদস্য-সচিব (উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর) ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এবং উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটির সভার কার্যবিবরণী জেলা কমিটি এবং চাহিদা মোতাবেক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

৪. পৌরসভা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির সদস্য-সচিব (প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব, সংশ্লিষ্ট পৌরসভা) প্রতি দুই মাস অন্তর প্রতিবেদন এবং পৌরসভা পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটির সভার কার্যবিবরণী জেলা কমিটির নিকট প্রেরণ করিবেন।

৫. পার্বত্য জেলাসহ সকল জেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির সদস্য-সচিব (নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর) ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন এবং জেলা পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটির সভার কার্যবিবরণী নিয়মিতভাবে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী বরাবরে প্রেরণ করিবেন।

৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বত্য চট্টগ্রাম সার্কেল, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির সুপারিশ/পরামর্শ ষান্মাসিক ভিত্তিতে প্রধান প্রকৌশলী, ডিপিএইচই'র বরাবরে প্রেরণ করিবেন।

৫। স্থানীয় সরকার বিভাগের ২০/১১/২০০২ তারিখের স্থাসবি/পাস-১/নল-১১/৯৯/৮৭৫ নং স্মারক এবং ০১/০৭/২০০৪ তারিখের স্থাসবি/পাস-১/নল-১১/৯৯/৪৮২ নং স্মারকে জারিকৃত পরিপত্রদ্বয়সহ পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) শিরোনামে ইতিপূর্বেকার সকল আদেশ/নির্দেশ এতদ্বারা রহিত করা হইল-

তবে এইরূপ রহিতকরণ সত্ত্বেও স্থানীয় সরকার বিভাগের ১২.০৬.২০০৪ তারিখের স্থাসবি/পাস-১/জাতীয় স্যানিটেশন-২/২০০৪/০০১ (১০,০০০) স্মারকমূলে গঠিত স্যানিটেশন টাস্ক ফোর্স এবং মন্ত্রিপরিষদ বিভাগের ৩০.১১.২০০০ তারিখের মপবি/জেপ্র-৪/২ (১০৪)/৯৯-২০০০/১৯৩ নং প্রজ্ঞাপনমূলে গঠিত আর্সেনিক নিয়ন্ত্রণ কমিটিসমূহ বহাল থাকিবে।

৬। এই পরিপত্রের নির্দেশনা অনুসরণে সংশ্লিষ্ট সকলকে অনতিবিলম্বে পানি সরবরাহ ও স্যানিটেশন কমিটি গঠন/পুনর্গঠন ও এতদ্সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হইল।

(সফর রাজ হোসেন)
সচিব

**বিতরণ**

১. জেলা পরিষদ চেয়ারম্যান ......................... পার্বত্য জেলা
২. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ
৩. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৪. জেলা প্রশাসক, (সকল) ......................... জেলা
৫. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, ......................... পার্বত্য জেলা
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), ......................... জেলা
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বত্য চট্টগ্রাম সার্কেল, চট্টগ্রাম
৮. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, (সকল) ......................... জেলা
৯. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) উপজেলা, ......................... জেলা। তাঁর আওতাধীন ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে এই পরিপত্রের কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১০. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সকল) ......................... উপজেলা



Printers Line Ltd./POX/BANA/07/350

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি-১ শাখা।

স্মারক নং: স্থাসবি/পাস-১/নল-১১/১৯৯৯/ [illegible] তারিখঃ ২৮/০১/২০০৮

বিষয়ঃ ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি পুনর্গঠন প্রসংগে।

সূত্রঃ এ বিভাগের ০৮-০৫-২০০৭ তারিখের স্থাসবি/পাস-১/নল-১১/১৯৯৯/৩২০(৫১০০)নং পরিপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে "পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি সংক্রান্ত সূত্রোক্ত স্মারকে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ ২.৫.১ এর "ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কাঠামো বাতিল পূর্বক নিম্নরূপ "ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি গঠন করা হ'লঃ

২.৫.১ ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কাঠামো।

| | | |
|---|---|---|
| ১। | ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য | -উপদেষ্টা |
| ২। | সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য | -সভাপতি |
| ৩। | একজন স্বাস্থ্য সহকারী/পরিবার পরিকল্পনা সহকারী | -সদস্য |
| ৪। | একজন ইমাম/ধর্মীয় নেতা | -সদস্য |
| ৫। | একজন শিক্ষক প্রতিনিধি (সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক মনোনীত | -সদস্য |
| ৬। | একজন দরিদ্র/ভুমিহীন কৃষক (ওয়ার্ড সদস্য কর্তৃক মনোনীত) | -সদস্য |
| ৭। | একজন দরিদ্র মহিলা প্রতিনিধি/ধাত্রী (টিবিএ) (ওয়ার্ড সদস্য কর্তৃক মনোনীত | -সদস্য |
| ৮। | একজন এনজিও/সিবিও প্রতিনিধি (সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | -সদস্য |
| ৯। | বিভিন্ন জনগোষ্ঠী হতে কো-অপট্ (অনধিক ৫ জন) | -সদস্য |

২। সভাপতি সদস্যদের মধ্য হতে যে কোন একজনকে সদস্য-সচিবের দায়িত্ব প্রদান করবেন। ৯নং ক্রমিকে উল্লিখিত কো-অপটেড সদস্য ব্যতীতই কমিটির প্রথম সভা আহুত হইবে এবং উক্ত প্রথম সভায় গ্রাম্য ডাক্তার, ছাত্র, হেডম্যান/কারবারী (পার্বত্য চট্টগ্রামের জেলাসমূহের জন্য) শারীরিক প্রতিবন্ধী, হোটেল মালিক/ শ্রমিক, প্রশিক্ষিত মিস্ত্রী, নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ে কর্মরত/উৎসাহী (পুরুষ/মহিলা) ব্যক্তিবর্গের মধ্য হইতে প্রয়োজনানুযায়ী ৯নং ক্রমিকে বর্ণিত অনধিক ৫ জন সদস্য কমিটিতে কো-অপট করিতে হইবে।

৩। এমতাবস্থায়, এ বিভাগের সূত্রোক্ত স্মারকে জারীকৃত "পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি সংক্রান্ত" পরিপত্রের বিদ্যমান ২.৫.১ নং অনুচ্ছেদে উপরোক্ত ২.৫.১ নং অনুচ্ছেদ প্রতিস্থাপন পূর্বক" পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি সংক্রান্ত পরিপত্রটির প্রয়োজনীয় সংখ্যক কপি পুনঃ মুদ্রন করে এ বিভাগকে অবহিত করণসহ সংশ্লিষ্ট সকলের নিকট তা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। বিষয়টি জরুরী।

২৮.১.২০০৮

(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৮৪৫৫

প্রধান প্রকৌশলী,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
ঢাকা।

(এ. [illegible])
সিনিয়র সহকারী প্রধান
স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

|2|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি ১ শাখা।

স্মারক নং স্থাসবি/পাস ১/নপ ১১/১৯৯৯/ [illegible] তারিখঃ ২৮/০১/২০০৮

বিষয়ঃ ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি পুনর্গঠন প্রসংগে।

সূত্রঃ এ বিভাগের ০৮-০৫-২০০৭ তারিখের স্থাসবি/পাস-১/নপ-১১/১৯৯৯/৩২০(৫১০০)নং পরিপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে "পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি সংক্রান্ত সূত্রোক্ত স্মারকে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ ২.৫.১ এর "ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কাঠামো বাতিল পূর্বক নিম্নরূপ "ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি গঠন করা হ'লঃ

২.৫.১ ওয়ার্ড পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির কাঠামো।

| | | |
|---|---|---|
| ১। | ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য | -উপদেষ্টা |
| ২। | সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য | -সভাপতি |
| ৩। | একজন স্বাস্থ্য সহকারী/পরিবার পরিকল্পনা সহকারী | -সদস্য |
| ৪। | একজন ইমাম/ধর্মীয় নেতা | -সদস্য |
| ৫। | একজন শিক্ষক প্রতিনিধি (সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক মনোনীত | -সদস্য |
| ৬। | একজন দরিদ্র/ভুমিহীন কৃষক (ওয়ার্ড সদস্য কর্তৃক মনোনীত) | -সদস্য |
| ৭। | একজন দরিদ্র মহিলা পুতিনিধি/ধাত্রী (টিবিএ) (ওয়ার্ড সদস্য কর্তৃক মনোনীত | -সদস্য |
| ৮। | একজন এনজিও/সিবিও প্রতিনিধি (সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | -সদস্য |
| ৯। | বিভিন্ন জনগোষ্ঠী হতে কো-অপট্ (অনধিক ৫ জন) | -সদস্য |

২। সভাপতি সদস্যদের মধ্য হতে যে কোন একজনকে সদস্য-সচিবের দায়িত্ব প্রদান করবেন। ৯নং ক্রমিকে উল্লিখিত কো-অপটেড সদস্য ব্যতীতই কমিটির প্রথম সভা আহুত হইবে এবং উক্ত প্রথম সভায় গ্রাম্য ডাক্তার, ছাত্র, হেডম্যান/কারবারী (পার্বত্য চট্রগ্রামের জেলাসমূহের জন্য) শারীরিক প্রতিবন্ধী, হোটেল মালিক/ শ্রমিক, প্রশিক্ষিত মিস্ত্রী, নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ে কর্মরত/উৎসাহী (পুরুষ/মহিলা) ব্যক্তিবর্গের মধ্য হইতে প্রয়োজনানুযায়ী ৯নং ক্রমিকে বর্ণিত অনধিক ৫ জন সদস্য কমিটিতে কো-অপট করিতে হইবে।

৩। এমতাবস্থায়, এ বিভাগের সূত্রোক্ত স্মারকে জারীকৃত "পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি সংক্রান্ত" পরিপত্রের বিদ্যমান ২.৫.১ নং অনুচ্ছেদে উপরোক্ত ২.৫.১ নং অনুচ্ছেদ প্রতিস্থাপন পূর্বক" পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি সংক্রান্ত পরিপত্রটির প্রয়োজনীয় সংখ্যক কপি পুনঃ মুদ্রন করে এ বিভাগকে অবহিত করণসহ সংশ্লিষ্ট সকলের নিকট তা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। বিষয়টি জরুরী।

২৮.১.২০০৮

(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৮৪৫৫

প্রধান প্রকৌশলী,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
ঢাকা।

([illegible])
সিনিয়র সহকারী প্রধান
স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

|2|